যুগান্তর

তারিখ ... 01 NOV 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# রাবির 'সি' ইউনিটের ফল প্রকাশ

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চলতি শিক্ষাবর্ষের বিজ্ঞান অনুষদভুক্ত 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। সোমবার বিকালে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পরীক্ষায় অংশ নেয়া বিজোড় রোলধারী ৩ হাজার ৮৯৮ এবং জোড় রোলধারী ২ হাজার ৮০৫ জনের তালিকা প্রকাশ করা হয়। বিজ্ঞান অনুষদের ডিন ও 'সি' ইউনিটের ভর্তি কমিটির সমন্বয়ক অধ্যাপক ড. আখতার ফারুক যুগান্তরকে জানান, পাস করা সব শিক্ষার্থীকে ৩ থেকে ১৬ নভেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে 'বিভাগ পছন্দ ফরম' পূরণ করতে হবে। ফরমের প্রিন্ট কপি ২০ নভেম্বর দুপুর ১টার মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন অফিসে জমা দিতে হবে। ২২ নভেম্বর ভর্তির জন্য নির্বাচিতদের চূড়ান্ত তালিকা অনুষদের নোটিশ বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।